যুগান্তর


তারিখ 19 APR 2009
১৫ ৬

# বিশ্বের ৬ হাজার বিশ্ববিদ্যালয়ের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান ৪৯২২

ইউএনবি

বিশ্বমানের পড়াশোনা থেকে অনেক পিছিয়ে পড়েছে দেশের সবচেয়ে প্রাচীন ও খ্যাতনামা বিদ্যাপীঠ ঢাকা বিশ্ববিদ্যালয়। বিশ্বের, ৬ হাজার বিশ্ববিদ্যালয়ের মধ্যে এককালের প্রাচ্যের অক্সফোর্ডখ্যাত ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান এখন ৪৯২২। ভারতীয় উপমহাদেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় আছে ৪৪তম অবস্থানে। শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত এক সেমিনারে বক্তারা এ তথ্য জানান। বিশ্ববিদ্যালয়ের, শিক্ষার মানোন্নয়নে তারা ত্বরিত ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনের প্রতি আহ্বান জানান।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরসি মজুমদার মিলনায়তনে গবেষণা সংস্থা সেন্টার ফর ডেভেলপমেন্ট রিসার্চ (সিডিআর) ওই




মধ্যে : পৃষ্ঠা ১০ : কলাম ৭

## মধ্যে : ঢাকা

(শেষ পৃষ্ঠার পর)

সেমিনারের আয়োজন করে। শিক্ষাদান পদ্ধতি বা টিচিং মেথডোলজি শীর্ষক সেমিনারে বক্তারা ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার বর্তমান পরিবেশ নিয়ে আলোচনা করেন। এতে স্পেনের গবেষণা সংস্থা কনসিজো সুপরিয়র দা ইনভেস্টিগেসিনোস সায়েন্টিফিকসের (সিএসআইসি) একটি জরিপ উপস্থাপন করা হয়। সংস্থাটি ইলেকট্রনিক প্রকাশনা, বৈজ্ঞানিক গবেষণা ও আন্তর্জাতিক কর্মকাণ্ডের ওপর ভিত্তি করে বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের একটি র‍্যাংকিং করে। এ বছর ওই র‍্যাংকিংয়ে স্থান পায় বিশ্বের ৬ হাজার বিশ্ববিদ্যালয়। এর মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান ৪৯২২। সিএসআইসির হিসাব অনুসারে ভারতবর্ষের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান ৪৪তম।

সিডিআর প্রেসিডেন্ট ড. এম সাইফুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বাংলা একাডেমীর মহাপরিচালক অধ্যাপক ড. সৈয়দ আনোয়ার হোসেন, দর্শন বিভাগের অধ্যাপক ড. আমিনুল ইসলাম, রসায়ন বিভাগের অধ্যাপক ড. মুহিবুর রহমান। তথ্য, বিজ্ঞান ও লাইব্রেরি ব্যবস্থানা বিভাগের শিক্ষক কাজী মোশতাক গাউসুল হক সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন। তিনি জানান, বিশ্ববিদ্যালয়ের ৫০ শতাংশ শিক্ষকই লম্বা ছুটি নিয়ে থাকেন। তরুণ শিক্ষকদের মূল লক্ষ্যই থাকে উচ্চশিক্ষার জন্য বিদেশে যাওয়া।